76

তারিখ 04 JUL 1995
পৃষ্ঠা ১/২ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

## প্রভাষকদের স্কেল ও আপগ্রেডের বিষয় নিয়া আলোচনা

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির-উদ্দিন সরকারের সাথে গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ সরকারী কলেজ প্রভাষক সমিতির নেতৃবৃন্দের এক বৈঠকে প্রভাষকদের চার বছর চাকুরী পূর্তিতে ৪১০০ টাকার স্কেল প্রদান এবং ৩১ জুলাই, ১৯৯১ তারিখে পাঁচ বছর পূর্তিতে পরীক্ষা ব্যতীত পদোন্নতিযোগ্য ঘোষিত প্রভাষকদের পদ আপগ্রেড করার বিষয় নিয়া আলোচনা হয়।

মন্ত্রী দেশে শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের পেশাগত উৎকর্ষতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো: শহীদুল আলম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক মো: ইউনুস মিয়া উপস্থিত ছিলেন। সমিতির সভাপতি ড: পারভীন সুলতানা ও মহাসচিব আ: আওয়াল খান প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।

—তথ্য বিবরণী